

## মধ্যরাতে নিরাপদ ঘোষণা:তল্লাশিতে মেলেনি কিছুই

- A Monitor Desk Report

Date: 02 December, 2021



বোমা আতঙ্কে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মালয়েশিয়ান এয়ারলাইনসের যে ফ্লাইট জরুরি অবতরণ করেছিল, সেটিতে কোনো বোমা পাওয়া যায়নি।

তল্লাশি শেষ হওয়ার পর মধ্যরাতে(বৃহস্পতিবার ভোর) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বিমানবন্দরে সংবাদ সম্মেলন করে একথা জানায়। রাত ১টার দিকে এটিকে নিরাপদ ঘোষণা করা হয়।

বুধবার রাত ৯টা ৩৮ মিনিটে মালয়েশিয়ান এয়ারলাইনসের ঢাকা রুটের এমএইচ১৯৬ ফ্লাইটটি মালয়েশিয়ার কুয়ালালামপুর থেকে নির্ধারিত সময়েই ঢাকায় অবতরণ করে। অবতরণের আগে ফ্লাইটের ক্যাপ্টেন ঢাকার শাহজালাল বিমানবন্দরকে ফ্লাইটে বোমা সাদৃশ্য সন্দেহজনক বস্তু থাকার বিষয়টি অবগত করেন। এর পরপরই বিমানবন্দরে জরুরি অবতরণ করে ফ্লাইটটি। অবতরণের পর বিমানবন্দরের নিরাপত্তাকর্মীরা ফ্লাইটটিতে তল্লাশি চালায়।

পরে রাত দেড়টার দিকে ব্রিফিংয়ে বিমানবন্দরের নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন তৌহিদ উল আহসান বলেন, বোমা থাকার যে তথ্য ছিল, সে তথ্য সঠিক ছিল না। তবুও আমরা বিষয়টিকে হালকাভাবে নিইনি। সন্ধ্যা সাড়ে ৭টায় রুটার কাছ থেকে খবর পেয়েছি যে মালয়েশিয়া থেকে ‘সন্দেহভাজন’ এক ব্যক্তি ‘সন্দেহজনক বস্তু’ নিয়ে ঢাকায় আসছেন। আমরা মিটিং করি, বিমানবাহিনীকে খবর দেয়া হয়, তাদের বিশেষায়িত সন্ত্রাসবাদ প্রতিরোধ দল খুব অল্পসময়ের মধ্যেই চলে আসে।

তিনি বলেন, বার্তাটির সত্যতা পাওয়া যায়নি। তারপরও আমরা সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করেছি। স্ট্যান্ডার্ড অব প্রসিডিউর (এসওপি) অনুযায়ী, প্রথমে আমরা যাত্রীকে অফলোড করি। তারপর তাদের তল্লাশি করি। একে একে বিমানের দুটি লাগেজ কম্পার্টমেন্ট তল্লাশি করে বিমান বাহিনীর সদস্যরা। তবে বিপজ্জনক কিংবা বোম্ব সাদৃশ্য কিছুই পাওয়া যায়নি। বিমানবন্ধকের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।